জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক **পরিবহন** ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬ (ছয়) টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪টি স্টেশন (উড়াল ৫১টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|---|---|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৪ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট | তৃতীয় | ২০৩০ | |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | উড়াল |

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design এর কাজ চলমান। কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর বিভিন্ন Survey ও Basic Design এর কাজ চলছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান Full Scale Study (FSS) শুরু করেছে। ২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে PPP পদ্ধতিতে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজের সার্বিক গড় অগ্রগতি **৫৬.৯৪%**। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি **৮০.২১%**। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি **৫১.২৬%**। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি **৪৬.৩৩%**। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত MRT Line-6 বর্ধিত করার নিমিত্ত ইতোমধ্যে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। Household Survey চলছে। Social Study চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ অংশের দৈর্ঘ্য ১.১৬ কিলোমিটার।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ জানুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে ৯টি অবকাঠামোর নির্মাণ কাজ পরিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ চলমান রয়েছে তন্মধ্যে উল্লেখযোগ্য হল: সকল স্থাপনার চারপাশে একই ধরণের সিরামিক টাইলস্ দিয়ে স্থাপত্য শৈলীর নির্মাণ কাজ; স্ট্যাবলিং ইয়ার্ডের স্টিলের অবকাঠামো erection ও রুফ শীটিং এর কাজ; ডিপোর অভ্যন্তরে অবস্থিত ভবনসমূহের পূর্ত, মেকানিক্যাল এবং বৈদ্যুতিক কাজ; ডিপোর অগ্নিনির্বাপন ব্যবস্থার সকল পর্যায়ের লাইন নির্মাণ; কেন্দ্রীয় ওয়্যার হাউসের স্টিলের অবকাঠামো erection ও রুফ শীটিং এবং Effluent Treatment Plant (ETP) ও Sewerage Treatment Plant (STP) এর নির্মাণ কাজ। ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৮০.০০%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল, পাইল ক্যাপ, আই-গার্ডার, প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং, পিয়ার হেড এবং ০৫টি Long Span Balanced Cantilever নির্মাণ সম্পন্ন হয়েছে। ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট এর মধ্যে ১১.৫৮ (এগার দশমিক পাঁচ আট) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ০৯ টি স্টেশনের Sub-structure নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী স্টেশনের Concourse ছাদ নির্মাণ সমাপ্ত হয়েছে। বর্তমানে মিরপুর-১১, মিরপুর-১০, কাজীপাড়া ও শেওড়াপাড়া স্টেশনের Concourse ছাদ নির্মাণের কাজ চলছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশনের প্লাটফর্ম Steel Structure নির্মাণ সমাপ্ত হয়েছে। পল্লবী স্টেশনের প্লাটফর্ম Steel Structure নির্মাণ কাজ শেষ পর্যায়ে আছে। মিরপুর-১১, কাজীপাড়া ও শেওড়াপাড়া স্টেশনের সমাপ্তকৃত Concourse ছাদ এর উপর প্লাটফর্ম Steel Structure নির্মাণ শুরু হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী স্টেশনে মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও প্লাম্বিং এর কাজ চলছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী স্টেশনে বৈদ্যুতিক সাব-স্টেশন, সিগনালিং ও টেলিকমিউনিকেশন এবং স্টেশন কন্ট্রোলার কক্ষ নির্মাণের কাজ চলছে। সার্বিক অগ্রগতি ৭৬.৫০%।
- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোরড্ পাইল, পিয়ার কলাম ও পিয়ার হেড নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ২০৩টি পাইল ক্যাপের মধ্যে মেইন লাইনের সকল পাইল ক্যাপ (১০৬টি) এবং স্টেশনের ৯৭টি পাইল ক্যাপের মধ্যে ৬০টি সহ মোট ১৬৬টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। বর্তমানে বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজার স্টেশনের sub-structure নির্মাণ কাজ অব্যাহত রয়েছে। মোট ১১৫টি স্টেশন কলামের মধ্যে ৬৭টি স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৬টি Portal Beam এর মধ্যে ৪টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর মধ্যে ১টির কাজ অব্যাহত আছে। মোট ১০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ৪৩৫টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে এবং ৩২৩৪টি প্যারাপেট ওয়ালের মধ্যে ৩১৯টি প্যারাপেট ওয়াল সম্পন্ন হয়েছে। উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center-এর পূর্ত কাজের অগ্রগতি ৯৮%। ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ৩৯০ মিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। এ প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৫৫.৯৭%।
- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল ও স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ১৪৮টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ১৯০ টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ১২৬টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে এবং ১৭৬৪টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ৯৯৮টি সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ৪৯৪৬টি প্যারাপেট ওয়ালের মধ্যে ৩৩০টি প্যারাপেট ওয়াল সম্পন্ন হয়েছে। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয় ও মতিঝিল স্টেশনের sub-structure নির্মাণ কাজ অব্যাহত রয়েছে। মোট ১৫৪টি স্টেশন কলামের মধ্যে ৩২টি স্টেশন কলাম সম্পন্ন হয়েছে। মোট ৯টি Portal Beam এর মধ্যে ২টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ৪৫০ মিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। বাস্তব অগ্রগতি ৫৬.৮২%।

- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। টঙ্গী ও মানিকনগর গ্রিড সাব-স্টেশনে Bay স্থাপন এবং উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর টেস্টিং এন্ড কমিশনিং এর কাজ সমাপ্ত হয়েছে এবং সাব-স্টেশন বিদ্যুতায়নের জন্য প্রধান বৈদ্যুতিক পরিদর্শক এর অনুমোদন পাওয়া গিয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ কাজ চলমান। ডিপো এলাকার ওয়ার্কশপ শেড-এর অভ্যন্তরে ১১টি রেল লাইনের মধ্যে ৬টি লাইন স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। স্ট্যাবলিং শেড এর অভ্যন্তরে ১৯টি রেল লাইনের মধ্যে ১৪টি রেল লাইন স্থাপনের কাজ চলছে। উত্তরা ডিপোর ব্যালাস্টেড রেল ট্র্যাক এর জন্য রেল ওয়েল্ডিং এর কাজ সমাপ্ত হয়েছে। ইতোমধ্যে ডিপোতে ১০.৮০ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে। ভায়াডাক্টের ওপর মেইন লাইনের ২৬৭৮টি রেল জয়েন্ট ওয়েল্ডিং এর মধ্যে ১৪০৪টি সম্পন্ন হয়েছে। ডিপোতে সিগন্যালিং সিস্টেম ইন্সটলেশনের কাজ চলছে। ভায়াডাক্টে ৬.৮০ কিলোমিটার Track Plinth Casting সম্পন্ন হয়েছে এবং তন্মধ্যে ৪.২০ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে। উত্তরা ডিপোতে Auxiliary Sub-Station (ASS) এবং Traction Sub-Station (TSS) এর Transformer এবং Switchgear ইন্সটলেশন ও টেস্টিং কাজ সমাপ্ত হয়েছে এবং সাব-স্টেশন বিদ্যুতায়নের অনুমোদন পাওয়া গিয়েছে। ৩টি স্টেশনে ASS, TSS Transformer এবং Switchgear ইন্সটলেশন কাজ চলমান। ডিপোর অভ্যন্তরে OCS Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে এবং Overhead Catenary Wire স্থাপন কাজ চলমান। Test Track এ Overhead Catenary Wire স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। ভায়াডাক্টের ওপর কাজীপাড়া স্টেশন পর্যন্ত ৭.৫০ কিলোমিটার ট্র্যাকে OCS Portal/Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। ডেসকো সাব-স্টেশন থেকে উত্তরা রিসিভিং সাব-স্টেশন (RSS) পর্যন্ত ১৩২ কেভি আন্ডার গ্রাউন্ড ক্যাবল (১ম সার্কিট) লেইং এবং ক্যাবল জয়েন্টিং এর কাজ সমাপ্ত হয়েছে। উত্তরা রিসিভিং সাব-স্টেশন (RSS) থেকে পিজিসিবি গ্রিড সাব-স্টেশন পর্যন্ত ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড ক্যাবল (২য় সার্কিট) লেইং এবং ক্যাবল জয়েন্টিং এর কাজ চলমান। জানুয়ারি ২০২১ মাসে Power Transformer, Auxiliary Transformer, Server Storage ইত্যাদি মালামাল ডিপোতে এসে পৌঁছেছে। ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৫৮.৭০%।
- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। মেট্রো ট্রেনের Mock Up গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে এবং ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ উত্তরা ডিপোর Metro Rail Exhibition & Information Center এ স্থাপন করা হয়েছে। ০৬ (ছয়)টি যাত্রীবাহী কোচ সম্বলিত প্রথম মেট্রো ট্রেন সেটের নির্মাণ এপ্রিল ২০২০ মাসের প্রথম সপ্তাহে, দ্বিতীয় মেট্রো ট্রেন সেটের নির্মাণ সেপ্টেম্বর ২০২০ মাসের প্রথম সপ্তাহে এবং তৃতীয়, চতুর্থ ও পঞ্চম মেট্রো ট্রেন সেটের নির্মাণ কাজ ডিসেম্বর ২০২০ জাপানে সম্পন্ন হয়েছে। চলমান করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে বিশেষ উদ্যোগে Third Party Inspection এর মাধ্যমে মেট্রো ট্রেন সেট বাংলাদেশে নিয়ে আসা হচ্ছে। প্রথম মেট্রো ট্রেন সেট জাপানের কোবে বন্দর হতে শিপমেন্টের সম্ভাব্য তারিখ ২০ ফেব্রুয়ারি ২০২১ এবং বাংলাদেশের মোংলা বন্দর হয়ে উত্তরাস্থ ডিপোতে পৌঁছানোর সম্ভাব্য তারিখ ২৩ এপ্রিল ২০২১। দ্বিতীয় মেট্রো ট্রেন সেটের শিপমেন্টের সম্ভাব্য তারিখ ১৫ এপ্রিল ২০২১ এবং বাংলাদেশের মোংলা বন্দর হয়ে উত্তরাস্থ ডিপোতে পৌঁছানোর সম্ভাব্য তারিখ ১৬ জুন ২০২১। তৃতীয় মেট্রো ট্রেন সেটের শিপমেন্টের সম্ভাব্য তারিখ ১৩ জুন ২০২১ এবং বাংলাদেশের মোংলা বন্দর হয়ে উত্তরাস্থ ডিপোতে পৌঁছানোর সম্ভাব্য তারিখ ১৩ আগস্ট ২০২১। পর্যায়ক্রমে চতুর্থ মেট্রো ট্রেন সেট এবং পঞ্চম মেট্রো ট্রেন সেট শীঘ্রই বাংলাদেশে নিয়ে আসা হবে। মেট্রো ট্রেন সেটসমূহ বাংলাদেশে পৌঁছানোর পর পর্যায়ক্রমে Integrated Test শুরু করা হবে। Integrated Test সমাপ্তান্তে Trial Run শুরু করা হবে। এ প্যাকেজের বাস্তব অগ্রগতি ৩৭.০০%।

**করোনা মহামারী পরিস্থিতিতে MRT Line-6 এর কার্যক্রম চলমান রাখার নিমিত্ত গৃহীত পদক্ষেপ**

- MRT Line-6 এর নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবল যাতে শারীরিক দুরত্ব বজায় রেখে অবস্থান করতে পারেন সেজন্য নির্মাণস্থলের সন্নিকটে আবাসিক স্থাপনা নির্মাণ করা হয়েছে;
- পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানের সকল পর্যায়ের জনবলের কাজে যোগদানের জন্য বাছাই করার নিমিত্ত প্রাথমিক পর্যায়ে COVID-19 এর কোন উপসর্গ আছে কিনা তা যাচাই করা হয়। প্রথম পর্যায়ে উত্তীর্ণ জনবলকে দ্বিতীয় পর্যায়ে COVID-19 পরীক্ষা করা হয়। পরীক্ষায় করোনা Positive প্রাপ্ত জনবলকে হোম অথবা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করা হয়। প্রয়োজনে সরকারি বা চুক্তিবদ্ধ হাসপাতালে ভর্তি করা হয়। কেবল মাত্র COVID-19 নেগেটিভ জনবলকে কাজের জন্য চূড়ান্ত বাছাই করে ১৪ দিনের গ্রুপ কোয়ারেন্টাইনে রাখা হয়। গ্রুপ কোয়ারেন্টাইন সম্পন্ন হওয়ার পর কাজে যোগদান করেন;

- চলমান COVID-19 পরিস্থিতি মোকাবেলায় গাবতলী কন্সট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চবটি কন্সট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Isolation Center (Field Hospital) নির্মাণ করে চালু করা হয়েছে। ৩১ জানুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত মোট ৩৩৩ জন COVID-19 এ আক্রান্ত হয়েছেন। কোন মৃত্যু নেই; এবং
- গত ২৭ জানুয়ারি ২০২১ তারিখ থেকে বাংলাদেশে COVID-19 এর ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মকর্তা এবং দেশী ও বিদেশী জনবলকে প্রথম পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে তালিকা প্রস্তুত করে অনলাইন রেজিস্ট্রেশনের কার্যক্রম চলছে।

### MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ চলমান। Detailed Design এর অগ্রগতি ৬৫%। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের নিমিত্ত নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় ৯২.৯৭২৫ একর জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়নগঞ্জ ইতোমধ্যে এলএ কেইস নম্বর-১০/২০১৯-২০২০ রুজু করেছেন। বর্তমানে রোয়েদাদ প্রস্তুতের কার্যক্রম চলমান আছে।

### MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভে ও Basic Design কাজ চলছে। Basic Design কাজের অগ্রগতি ৫০.৩৩%।

### MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬টি স্টেশন (পাতাল ১২টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

### MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ প্রথম প্লাটফরম সভা, ৭ জুন ২০১৮ তারিখ দ্বিতীয় প্লাটফরম সভা এবং ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়েছে। MRT Line-2 এর PPP Research সম্পন্ন করে গত মার্চ ২০২০ মাসে প্রতিবেদন দাখিল করা হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রিলিমিনারি স্টাডি করছে। প্রিলিমিনারি স্টাডি'র অগ্রগতি ৫০%।

### MRT Line-4

২০৩০ সালের মধ্যে PPP পদ্ধতিতে কমলাপুর - নারায়ণগঞ্জ রেলওয়ে ট্রাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।